গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং- ৫৮.০১.০০০০.১০১.১১.০০১.২০১৯-২৮১৭

তারিখ ঃ ২৫ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদের শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে গঠিত বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগপত্রের ৩য় (তৃতীয়) অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০-২২৩৮০-২৩৫০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ **"গেজেটেড কর্মকর্তা এবং নন্-গেজেটেড কর্মচারী (বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ২০১২"** এর বিধি ৩ এর ১(ক) এবং বিধি ৪ অনুসারে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের **সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)** এর শূন্য পদে নিম্নে বর্ণিত প্রার্থীগণকে সম্পুর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রমিক নং | রোল নম্বর | নাম | পিতা/স্বামীর নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১. | ১৩০০০২৫৮ | মাহমুদুল হাসান | খোরশেদুর রহমান | গ্রাম-কোটের চর, ডাকঘর-নারায়ন খোলা, উপজেলা-নকলা, জেলা-শেরপুর |
| ২. | ১৩০০০০৮৭ | মোঃ আরমান মিয়া | মোঃ আফতাব উদ্দিন | গ্রাম-পংকরহাটি, ডাকঘর-গাংগাইল-২২৯১, উপজেলা-নান্দাইল, জেলা-ময়মনসিংহ |

২। বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিয়োগকৃত উপরোক্ত **সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)** গণের মেধাক্রমানুসারে তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

৩। শর্তাবলী ঃ

(ক) নিয়োগ-বিধি মোতাবেক উক্ত পদে তাকে/তাদেরকে ০২(দুই) বৎসর শিক্ষানবীশ থাকতে হবে। শিক্ষানবীশকাল চলাকালীন তার/তাদের আচার-আচরণ, দক্ষতা ও কাজকর্ম সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ-বিধি মোতাবেক তার/তাদের শিক্ষানবীশকাল বৃদ্ধি করতে পারবেন। উক্ত বর্ধিত সময়ের মধ্যে তার/তাদের আচার-আচরণ, দক্ষতা ও কাজকর্ম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে/তাদেরকে চাকরি হতে অপসারণ (removal from service) করা হবে।

(খ) নিয়োগপ্রাপ্তদেরকে নিজ জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সক্ষমতার সনদপত্র; সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত) ০৬(ছয়) কপি; আবেদনপত্রে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি; কোন সরকারি/আধা-সরকারি সংস্থায় কর্মরত থাকলে সংশ্লিষ্ট সংস্থার ছাড়পত্র; জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; পৌর মেয়র/ইউ.পি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র; মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিদের চরিত্র ও পূর্বপরিচয়ে অনুকূল পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে তার/তাদের নিয়োগ কার্যকর হবে। পুলিশ তদন্তে প্রতিকূল প্রতিবেদন পাওয়া গেলে অথবা প্রার্থী জেলা কোটার সুবিধা প্রাপ্তির জন্য নিজ জেলার স্থলে অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করেছেন মর্মে প্রমাণিত হলে অথবা আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিদেরকে ২২/১২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় (কক্ষ নং-৭০০৮) যোগদানপত্র দাখিল করতে হবে। কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত উল্লিখিত তারিখের মধ্যে যোগদান না করলে তার/তাদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার দৈনিক ভাতা বা ভ্রমন ভাতা প্রদান করা হবে না।

১০-১২-২০১৯

( মোঃ শিহাব উদ্দিন খান )
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৯১৩৪০১১।
dadmin@passport.gov.bd

নং- ৫৮.০১.০০০০.১০১.১১.০০১.২০১৯-২৮১৭ (৩)

তারিখ ঃ ২৫ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা/ মুনসুরাবাদ, চট্টগ্রাম/ সিলেট/ খুলনা।
৩। সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। এ আদেশ অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপপরিচালক (অর্থ ও নিরীক্ষা), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৬। উপপরিচালক, বিভাগীয়/ আঞ্চলিক পাসপোর্ট অফিস, .........................................।
৭। উপপরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৮। বিভাগীয়/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..................................................।
৯। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, .................................................।
১০। সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ..............................................।
১১। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/ (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (পাসপোর্ট, ভিসা ও পরিকল্পনা)/ (পার্সোনালাইজেশন সেন্টার), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১৩। জনাব
.......................................................................................................................।

১০.১২.১৯

( মোঃ আজিজুল ইসলাম )
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৯১২৬৯৭০।
adadmin@passport.gov.bd